১৮. 'IFC' এর পূর্ণরূপ হচ্ছে -
ক. ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন
খ. ইন্টারন্যাশনাল ফিসক্যাল কর্পোরেশন
গ. ইন্টারন্যাশনাল ফুড কর্পোরেশন
ঘ. কোনটিই নয়

ব্যাখ্যা: • ১৯৪৪ সালের ব্রেটন উডস চুক্তির মাধ্যমে বিশ্ব ব্যাংক এ যাত্রা শুরু করে।
• ২৫ জুন ১৯৪৫ এ বিশ্বব্যাংকের অনুষ্ঠান কার্যক্রম শুরু হয়।
• বিশ্বব্যাংকের প্রতিষ্ঠাকালীন নাম - ইকোনোমিক ডেভেলপমেন্ট ইনস্টিটিউট।
• বিশ্বব্যাংকের অঙ্গসংস্থা - ৫টি। যথা -
IBRD - International Bank for Reconstruction and Development.
IDA - International Development Association.
IFC - International Finance Corporation.
ICSID - International Center for Settlement of Investment Disputes.
MIGA - Multilateral Investment Guarantee Agency.
• বিশ্বব্যাংকের বর্তমান প্রেসিডেন্ট জিম ইয়ং কিং
সঠিক উত্তর : ক.

১৯. 'মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস' - এর মোট লক্ষ্য হচ্ছে
ক. ৫টি খ. ৬টি গ. ৮টি ঘ. ১০টি

ব্যাখ্যা: জাতিসংঘ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG) ৮টি।
১ জানুয়ারি ২০১৬ থেকে জাতিসংঘের নতুন টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) নেয়া হয়েছে।
এর লক্ষ্য- ১৭টি।
মেয়াদ শেষ হবে - ৩১ ডিসেম্বর ২০৩০।
সঠিক উত্তর : গ.

২০. মার্টিন লুথার কিং, জুনিয়র ছিলেন একজন
ক. নাগরিক অধিকার আন্দোলনকারী খ. ধর্মীয় সংস্কারক
গ. গায়ক ঘ. চিত্রশিল্পী

ব্যাখ্যা: • মার্টিন লুথার কিং জুনিয়র ছিলেন মার্কিন কৃষ্ণাঙ্গ নাগরিক অধিকার আন্দোলনকারী।
• ১৯৬৪ সালে মাত্র ৩৫ বছর বয়সে নোবেল পুরস্কার পান।
• ৫ এপ্রিল ১৯৬৮ তিনি আততায়ীর গুলিতে নিহত হন।
• তার বিখ্যাত ভাষণ - I have a dream.
সঠিক উত্তর : ক.

২১. মুয়াম্মার গাদ্দাফি কত বছর লিবিয়া শাসন করেন?
ক. ৪৫ খ. ২৬ গ. ৩৮ ঘ. ৪২

ব্যাখ্যা: • ১৯৬৯ সালে রাজা ইদ্রিস কে সরিয়ে গাদ্দাফি ক্ষমতা দখল করেন।
• ১৯ মার্চ ২০১১ বহুজাতিক বাহিনী লিবিয়ার "অপারেশন ওডিসি ডন" পরিচালিত করেন।
• ২০ অক্টোবর ২০১১ গাদ্দাফিকে তার জন্মভূমি সিরতে হত্যা করা হয়।
• ৪২ বছর ধরে তিনি লিবিয়া শাসন করেন।
• "গ্রিন বুক" তার লেখা গ্রন্থ।
সঠিক উত্তর : ঘ.

২২. শেনজেন কোন দেশের অংশ?
ক. ফ্রান্স খ. লুক্সেমবার্গ
গ. বেলজিয়াম ঘ. নেদারল্যান্ডস

ব্যাখ্যা: • শেনজেন লুক্সেমবার্গের একটি বিখ্যাত শহর।
সঠিক উত্তর : খ.

২৩. জাতিসংঘে প্যালেস্টাইন রাষ্ট্রের পদমর্যাদা কি?
ক. অরাষ্ট্রীয় পর্যবেক্ষক খ. রাষ্ট্রীয় পর্যক্ষেক
গ. কোন পদ মর্যাদা নেই ঘ. কোনটিই নয়

ব্যাখ্যা: ১৯৭৪ সালে ২২ নভেম্বর প্যালেস্টাইন লিবারেশন অরগানাইজেশন জাতিসংঘের পর্যবেক্ষকের মর্যাদা লাভ করে।
• ১৯৮৮ সালের ১৫ ডিসেম্বর PLO এর পরিবর্তে ফিলিস্তিনকে "পর্যবেক্ষক ভূখন্ডের" মর্যাদা দেয়।
• ২৯ নভেম্বর ২০১২ জাতিসংঘ দেশটিকে 'অসদস্য পর্যবেক্ষক' রাষ্ট্রের মর্যাদা দেয়।
• জাতিসংঘের সদস্য হওয়ার পূর্বেই ২৩ নভেম্বর, ২০১১ ইউনেস্কোর সদস্য পদ লাভ করে।
সঠিক উত্তর : খ.

২৪. সামাজিক যোগাযোগের মাধ্যমে 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা হচ্ছেন?
ক. বিল গেটস্ খ. টিম বার্নার্স লি
গ. এ্যান্ডি গ্রোভ ঘ. মার্ক জুকারবার্গ

ব্যাখ্যা:
• ফেসবুক এর প্রতিষ্ঠাতা - মার্ক জাকারবার্গ, প্রতিষ্ঠা - ৪ ফেব্রুয়ারী ২০০৪।
• ইউটিউব এর প্রতিষ্ঠাতা - চ্যাড হারলি, স্টিভ চ্যানং ও জাভেদ করিম
• মাইক্রোসফট এর প্রতিষ্ঠাতা - বিল গেটস ও পল অ্যালেন।
সঠিক উত্তর : ঘ.

২৫. কোন রাষ্ট্রটির পরমাণু অস্ত্র বিস্তাররোধ চুক্তি স্বাক্ষর করেনি?
ক. যুক্তরাষ্ট্র খ. চীন
গ. ভারত ঘ. রাশিয়া

ব্যাখ্যা: CTBT - Comprehensive Nuclear - Test - Ban Traty
• CTBT স্বাক্ষরিত হয় ২৪ সেপ্টেম্বর ১৯৯৬।
• ভারত, উত্তর কোরিয়া, পাকিস্তান, সৌদি আরব, সিরিয়া প্রভৃতি দেশ CTBT চুক্তি স্বাক্ষর করেনি।
সঠিক উত্তর : গ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)

শিক্ষাবর্ষ ঃ ২০১০-২০১১

### বাংলা

০১. 'অনতিবৃহৎ নিরপরাধ হরিণ সংহারে নিবৃত্ত হোন'। বাক্যটিতে উপসর্গ রয়েছে-
ক. চারটি খ. পাঁচটি গ. ছয়টি ঘ. সাতটি

ব্যাখ্যা: বাক্যটিতে মোট ৬টি উপসর্গ আছে-
অনতিবৃহৎ = অন + অতি + বৃহত - ২টি
নিরপরাধ = নির + অপ + রাধ - ২টি
নিবৃত্ত = নি + বৃত্ত - ১টি
সংহার = সম্ + হার - ১টি
সঠিক উত্তর : গ.

০২. 'Overrule'- এর বাংলা প্রতিশব্দ হলো-
ক. আমলে আনা খ. বাতিল করা
গ. মুলতুবি করা ঘ. কার্যকরা করা

ব্যাখ্যা: Overrule - বাতিল করা
গুরুত্বপূর্ণ আরও কিছু পারিভাষিক শব্দ-

| | |
|---|---|
| Block - শক্তিজোট | Frontier - সীমান্ত |
| Bench - এজলাস | Forfeit - বাজেয়াপ্ত করা |
| Canon - নীতি | Green-room - সাজঘর |
| Casual - নৈমিত্তিক | kindred - স্বজাতীয় |
| Dialect - উপভাষা | Land slide - ভূমিধস |

সঠিক উত্তর : খ.

০৩. 'একটা কলম দাও'। এখানে 'একটা' শব্দটি।
ক. নির্দিষ্টতাজ্ঞাপক খ. অনির্দিষ্টতাজ্ঞাপক
গ. গুণবাচক ঘ. পরিমাণবাচক

ব্যাখ্যা: এক শব্দের মধ্য টা, টি যুক্ত হলে অনির্দিষ্টতা বোঝায়। যেমন-একটা দেশ, একটা কলম ইত্যাদি।
কিন্তু অন্য সংখ্যাবাচক শব্দের সাথে টা, টি যুক্ত হলে নির্দিষ্টতা বোঝায়। যেমন-তিনটি টাকা, পাঁচ বছর।
সঠিক উত্তর : খ.

০৪. 'বাংলাদেশ' কবিতায় কোন নদীদ্বয়ের উল্লেখ আছে?
ক. যমুনা-পদ্মা খ. যমুনা-মেঘনা
গ. গঙ্গা-যমুনা ঘ. মেঘনা-পদ্মা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

আমার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৫. কেবল অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ-
ক. গণ খ. পুঞ্জ গ. যূথ ঘ. পাল

ব্যাখ্যা:
●উন্নত প্রাণিবাচক মনুষ্য শব্দের বহু বচনে ব্যবহৃত শব্দ - গণ, বৃন্দ, মন্ডলী, বর্গ।
●প্রানীবাচক ও অপ্রানিবাচক শব্দে বহুবচন ব্যবহৃত শব্দ - কুল, সকল, সব, সমূহ।
●অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বহু বচন বোধক শব্দ- পুঞ্জ, আবলি, গুচ্ছ, মালা, রাজি, রাশি, নিকর, নিচয়, দাম ইত্যাদি।
●'পাল ও যূথ' শুধু মাত্র জন্তুর বহু বচনে ব্যবহৃত হয়।
সঠিক উত্তর ঃ খ.

০৬. 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অনুযায়ী কে শিক্ষক গোত্রভুক্ত?
ক. ভগবান খ. ব্রাহ্মণ গ. বাল্মীকি ঘ. বশিষ্ঠ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

০৭. 'যে খেলার ভিতর আনন্দ নেই কিন্তু উপরি পাওনার আশা আছে, তার নাম খেলা নয়, ________'। বাক্যটির শূন্যস্থানে যে শব্দ বসবে-
ক. লুকোচুরি খ. জুয়াখেলা
গ. ভেলকি ঘ. জুয়াচুরি

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ খ.

০৮. 'কদবেল' শব্দে 'কদ' উপসর্গটি ব্যবহৃত হয়েছে -
ক. ক্ষুদ্র অর্থে খ. অন্যরকম অর্থে
গ. নিন্দিত অর্থে ঘ. অভাব অর্থে

ব্যাখ্যা: কদ্-নিন্দিত-কদবেল,কদর্য, কদাকার,
সঠিক উত্তর : গ.

০৯. 'হৈম কিছু না বলিয়া একটু হাসিল'। বাক্যটির নেতিবাচক রূপ-
ক. হৈম কিছু না বলিয়া হাসিল না
খ. হৈম না হাসিয়া কিছু বলিল
গ. হৈম কিছু না বলিয়া একটু না হাসিয়া পারিল না
ঘ. হৈম না হাসিয়া কিছু বলিল না।

ব্যাখ্যা: বাক্যের মৌলিক অর্থ অপরিবর্তিত রেখে প্রয়োজনে শব্দের কিছুটা পরিবর্তন, নতুন শব্দ যোগ, অথবা শব্দ বর্জন করে বাক্য রূপান্তর করা যেতে পারে। সে ক্ষেত্রে (গ) – অপশনটি সবচেয়ে যুক্তিযুক্ত।
সঠিক উত্তর : গ.

১০. "ধর্মাবতার! সাক্ষী বড় সেরকশ।" - সংলাপটি কার?
ক. উকিলের খ. হাকিমের
গ. মুহুরির ঘ. কমলাকান্তের

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ গ.

১১. 'এখনো দেখ নি তুমি'? - বাক্যের 'নি' হচ্ছে-
ক. নেতিবাচক শব্দ খ. প্রশ্নবোধক শব্দ
গ. জিজ্ঞাসা চিহ্ন ঘ. ক্রিয়া বিশেষণ

ব্যাখ্যা:
"তাহারেই পড়ে মনে" কবিতায় না - ক্রিয়া বাচক বিশেষণ উল্লেখ করা হয়েছে।
নি - এখনো দেখ নি তুমি?
- ফুল ফোটে নি শাখে?
না - ভুলিতে পারি না কোন মতে
নাই - শুনি নাই, রাখি নি সন্ধান
- করো নাই অর্ঘ্য বিরচন?
সঠিক উত্তর : ঘ.

১২.'লম্বাদেয়া' বাগধারাটির অর্থ-
ক. পালানো খ. দীর্ঘ বক্তৃতা
গ. বড় আকৃতির ঘ. ঘরে যাওয়া

সঠিক উত্তর ঃ ক.

১৩. নিচের কোন গ্রন্থ উপন্যাস-
ক. শেষের কবিতা খ. কালান্তর
গ. রুদ্র-মঙ্গল ঘ. দেশে-বিদেশে

ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুর এর-
●আত্মজীবনী : আমার ছেলেবেলা, জীবনস্মৃতি, বিদ্যাসাগর চরিত।
●নাটক : অচলায়তন, চিরকুমার সভা, তাপসী, তাসের দেশ, রক্ত করবী, কালের যাত্রা, রাজা, বাঁশরী, মুক্তধারা, বাল্মীকি প্রতিভা ইত্যাদি।
●ছোট গল্প ঃ গল্পগুচ্ছ, তিন সঙ্গী, গল্পসল্প ইত্যাদি।
●উপন্যাস ঃ বৌ ঠাকুরাণীর হাট, রাজর্ষি, চোখের বালি, নৌকাডুবি, গোরা, ঘরে বাইরে, যোগাযোগ, শেষের কবিতা, চতুরঙ্গ, দুই বোন, মালঞ্চ ইত্যাদি।
সঠিক উত্তর : ক.

১৪. কোনটি ভিন্নার্থক শব্দ?
ক. বৈশ্বানর খ. প্রভঞ্জন গ. পাবন ঘ. কৃশানু

ব্যাখ্যা: আগুন - বৈশ্বানর, পাবক, কৃশানু, শিখাবৎ, বায়ুসখা, হুতভুক, শুচি, সর্বভূক, হুতাশন, অনিলসখা ইত্যাদি।
বাতাস - প্রভঞ্জন, পবন, সমীর, অনিল, পবমান, মরুৎ, গন্ধবহ, শব্দবহ।
সঠিক উত্তর : খ.

১৫. 'বিপদপন্ন লোককে সহযোগিতা করা সকল মানুষের স্বধর্ম হওয়া উচিত'। - বাক্যটিতে ভুল রয়েছে -
ক. দুটি খ. তিনটি গ. চারটি ঘ. পাঁচটি

ব্যাখ্যা: বিপদপন্ন - বিপদাপন্ন সহজোগিতা - সহযোগিতা
সকল মানুষের - মানুষের স্ব ধর্ম - ধর্ম
সঠিক উত্তর : গ.

১৬. ন্যাড়ার মাদুলি-কবচ মৃত্যুঞ্জয়ের মৃত্যুর সঙ্গে কোথায় গিয়েছিল?
ক. শ্মশানে খ. জাহান্নামে গ. কবরে ঘ. নদীগর্ভে

ব্যাখ্যা: ন্যাড়ার উক্তি- "আমার মাদুলি-কবচ তো মৃত্যুঞ্জয়ের সঙ্গে কবরে গিয়াছিল, ছিল শুধু বিষহরির আজ্ঞা।"
সঠিক উত্তর : গ.

১৭. 'রেখো মা দাসেরে মনে'। এ বাক্যে দাসেরে কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে দ্বিতীয়া খ. কর্তায় দ্বিতীয়া
গ. কর্মে চতুর্থী ঘ. অপাদানে চতুর্থী

ব্যাখ্যা: টেকনিক ঃ বাক্যের ক্রিয়াপদকে প্রশ্ন করে আমরা খুব সহজেই কারক নির্ণয় করতে পারি। যেমন নিম্নোক্ত প্রশ্ন দ্বারা নিম্নোক্ত কারক পাওয়া যায়।
"কে বা কিসে" - কর্তৃকারক, "কি বা কাকে" - কর্মকারক,
"কি দিয়ে" - করণ কারক, "কাকে বা কার জন্য"- সম্প্রদান কারক,
"কোথা থেকে, কি থেকে, কিসের থেকে" - অপাদান কারক,
"কোথায়, কখন, কিভাবে" - অধিকরণ কারক।
উল্লেখ্য যে, স্বত্ব ত্যাগ করে দিলে হয় সম্পদান কারক, অর্থাৎ বাক্যের মধ্যে সম্প্রদান কার্যের পাত্রকে (অর্থাৎ দান গ্রহিতাকে) বুঝালে তাকে সম্প্রদান কারক বলে।
যেমন, ক্ষুধার্তকে অন্ন দাও, অন্ধজনে দেহ আলো, দেবতারে দিব প্রাণের ভক্তি।
সম্প্রদান কারকে "কে" চতুর্থী বিভক্তি আর কর্মকারকে "কে" দ্বিতীয়া বিভক্তি।
সঠিক উত্তর : ক.

১৮. 'Bribe' শব্দের বাংলা পরিভাষা-
ক. উপহার খ. সালামী গ. সাহসী ঘ. উৎকোচ

ব্যাখ্যা: Bribe - উৎকোচ, ঘুষ
গুরুত্বপূর্ণ আরও কিছু পারিভাষিক শব্দ-
Notation - স্বরলিপি Prologue - প্রস্তাবনা
North Star - ধ্রুবতারা Derjury - মিথ্যা সাক্ষ্য
Pamphlet - পুস্তিকা Public works - গণপূর্ত
Precious - অকালপক্ব Pestilence - মহামারী
সঠিক উত্তর : ঘ.

১৯. 'তুমি কি কথাটি শুনেছ? -এ বাক্যে 'কি' শব্দটি ব্যবহৃত হয়েছে-
ক. সর্বনাম হিসেবে খ. প্রশ্নবোধক চিহ্ন হিসেবে
গ. অব্যয় হিসেবে ঘ. বিশেষণ হিসেবে

ব্যাখ্যা: প্রশ্নের উত্তর হ্যাঁ/না হলে "কি" অব্যয় হবে। তবে, অন্যক্ষেত্রে "কি" বিশেষণ বা সর্বনাম হবে।
প্রশ্নবোধক বাক্যে "কি" এবং বিস্ময়সূচক বাক্যে "কী" হবে-
তোমার কি নাম? (সর্বনাম)
তুমি কি কাজ কর? (অব্যয়)
কী ভয়ানক বিপদ! (বিস্ময়সূচক বাক্য)
সঠিক উত্তর : গ.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২০. 'যে হিমালয়ে বাস করিতেন, সেই হিমালয়ের তিনি যেন মিতা'। বাক্যটি-
ক. জটিল খ. খণ্ড
গ. যৌগিক ঘ. সরল

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১২-২০১৩) এর (১৪) নং দেখ।
সঠিক উত্তর : ক.

২১. 'সংখ্যার ধারণা' বলতে বোঝায়-
ক. পদ খ. উপসর্গ
গ. বচন ঘ. সন্ধি

ব্যাখ্যা: 'বচন' শব্দের অর্থ সংখ্যার ধারনা।
সঠিক উত্তর : গ.

২২. 'ওঁচা' শব্দটি আছে কোন রচনায়?
ক. অর্ধাঙ্গী খ. বিলাসী
গ. হৈমন্তী ঘ. যৌবনের গান

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

২৩. কোন শব্দটি সন্ধিজাত?
ক. শীতল খ. অধিকার
গ. তোমার ঘ. সংখ্যা

ব্যাখ্যা: শীতল = শীত + ল (প্রত্যয়জাত)
অধিকার = অধি + কার (উপসর্গজাত)
সংখ্যা = সম্ + খ্যা (সন্ধিজাত)
সঠিক উত্তর : ঘ.

২৪. Is everything is order ? -বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ?
ক. সবকিছু নির্দেশ মতো হয়েছে কি?
খ. সবকিছু কি ঠিক?
গ. সবকিছু ক্রমানুসারে সাজানো আছে কি?
ঘ. সবকিছু ঠিকঠাক আছে তো?

ব্যাখ্যা: Is everything is order - সবকিছু ঠিকঠাক আছে তো?
আরও কিছু গুরুত্বপূর্ণ বঙ্গানুবাদ-
It is lesser evil - এটি মন্দের ভালো।
I feel like weeping - আমার কান্না পাচ্ছে।
It is a long story - সে অনেক কথা।
Master's will is law - কর্তার ইচ্ছাই কর্ম।
সঠিক উত্তর : ঘ.

২৫. 'চঞ্চল' -এর বিপরীত শব্দ-
ক. বিচল খ. অবিচল
গ. প্রচল ঘ. নিশ্চল

ব্যাখ্যা:

| মূল শব্দ | বিপরীত শব্দ | মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| চঞ্চল | অবিচল | মহাজন | খাতক |
| কুঞ্চন | সরলতা | যোজক | প্রণালী |
| তুহিন | গরম | সদর্থক | নঞর্থক |
| নৈর্গিক | কৃত্রিম | সংশ্লিষ্ট | বিশিষ্ট |
| প্রবৃত্তি | নিবৃত্তি | সুষম | অসম |

সঠিক উত্তর : খ

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
BASIC ICT
বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ের একমাত্র পূর্ণাঙ্গ সহায়িকা

## English

***Question 1 to 8: Choose the correct option:***

**01. The translation of- আমি তাকে বুঝতে চেষ্টা করব।**
A. I will making him to understand
B. I will try make him understand
C. I will try to make him to understand
D. I will try to make him understand

ব্যাখ্যা ঃ উপরোক্ত Sentence এ Make Cauative Verb হিসেবে ব্যবহৃত হয়েছে।
নিচে Causative verb গুলোর ব্যাখ্যা দেয়া হল
**Make :**
•Make এর পরে person or thing যাই থাকুক না কেন Verb এর simple base form বসাতে হবে।
•Infinitive বা ing যুক্ত কোন verb use করা যাবে না।
**Exam :** She made the baby take a nap.
George had made his son be quiet in the theater.
**Get :** Get+person + (verb+to infinitive)
Get + thing+ (verb এর past participle form)
**Exam :** Marry got her dog to bring her the newspaper.
I want to get the house painted before winter.
**Have :** Have+person+ (verb এর base form)
Have+thing+(verb এর past participle form)
**Exam :** Mary has had a friend type all of her papers.
We are going to have our car mended
Dr. Karim had his nurse take the operation.
**Let :** Let+thing+(verb এর base form)
Let+person+ (verb এর base form)
**Exam :** I will not let this machine work.
We are going to let her write the letter.
**Help :** Help এর verb এর simple form অথবা infinitive form দুটিই বসতে পারে। Person অথবা Thing এ কোন পরিবর্তন হবে না।
**Exam :** Karim helped Rahim wash the car
Karim helped Rahim to wash the car
**Ans : D.**

***Indicate the synonym of the words given below:***

**02. Hypothetical**
A. suspicious B. philosophical
C. assumed D. complete

ব্যাখ্যা ঃ Hypothetical - অনুমেয় বা কল্পিত
**Synonym :** Speculative, Suspect, Assumed, Theoretic
**Antonym :** Certain, Real, Proved, Definit
**Ans : C.**

**03. Assemble:**
A. unite B. disperse
C. separate D. split

ব্যাখ্যা ঃ Assemble - সমবেত, মিলিত হওয়া।
**Synonym :** Unit, Collect, Flock.
**Antonym :** Scatter, Spread, Disperse.
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

***Identify the one underlined word or phrase that must be changed in order for the sentence to be correct:***

**04. Sitara is finally used to cook on an electric stove after having a gas one for so long.**

A. finally B. cook
C. after having D. one

ব্যাখ্যা ঃ কোন কাজে অভ্যস্থতা বোঝাতে Used to ব্যবহৃত হয়।
subject + used to + (verb simple form)
Exam-When karim was young, he used to swim once a day.
আবার : Sub+( be(verb) or get )+used to+ (verb+ing)
Exam : Rahim is used to swiming everyday.
সুতরাং আলোচ্য Sentence টির অপশন (B) তে Cooking বসবে।
**Ans : B.**

**05. Professor Chowdhury teaches both anthropology as well as sociology each fall.**

A. teaches B. both
C. anthropology D. each fall

ব্যাখ্যা ঃ একই Sentence এ একসাথে Both এবং as well as বসে না। তাই অপশন (B) তে Both বসবে না।
**Ans : B.**

**06. The correct spelling is**

A. Transatory B. Transetory
C. Transitory D. Transitary

ব্যাখ্যা ঃ বিস্তারিত : ঢাবি ঘ (২০১২-২০১৩) এর (০৪) নং দেখ।
Transitory - ক্ষণস্থায়ী
**Ans : C.**

**07. The phrase 'in high spirits' means-**

A. tensed B. cheerful
C. worried D. vibrant

ব্যাখ্যা ঃ In high spirits - প্রাণবন্ত, প্রফুল্ল।
**Ans : B.**

**08. The tag for 'He locked the papers in the safe'_____? - is**

A. has he? B. haven't he?
C. didn't he? D. hasn't he?

ব্যাখ্যা ঃ উত্তর হবে didn't he?
**Ans : C.**

***Questions 9 to 17 : fill in the blanks:***

**09. A troupe of_____has gone to entertain the soldiers.**

A. artists B. artistes
C. artisans D. artificers

ব্যাখ্যা ঃ Artist - শিল্পী
Artiste - পেশাদার গায়ক, নৃত্যশিল্পী ইত্যাদি
Artistic - সুরুচিসম্পন্ন
Artisan - দক্ষ কারিগর
Sentence টির অর্থ দাড়ায় এ রকম-
একদল শিল্পী (Artists) সৈন্যদের আনন্দ দেওয়ার উদ্দেশ্যে রওনা হয়েছে।
**Ans : A.**

**10. The longer I live here______.**

A. I like the more B. the more I like it
C. the more do I like it D. I like it more

ব্যাখ্যা ঃ বিস্তারিত : ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর (০৬) নং দেখ।
**Ans : B.**

**11. ______so many people been out of work as today.**

A. More than ever before
B. Never before have
C. In the past, there never have
D. Formerly, there never were

ব্যাখ্যা ঃ কোন ঘটনা ইতিপূর্বে ঘটেনি এরূপ বোঝাতে 'Never, before' ব্যবহৃত হয় আর Never before এর পরে সাধারনত Perfect tense (have, had, has) বসে।
**Ans : B.**

**12. ______ you have a driver's license and two major credit cards, that company will not accept your application.**

A. Because B. Unless
C. As D. Since

ব্যাখ্যা ঃ Fill in the gaps এ 'যদি না' অর্থ বোঝাতে Unless শব্দটি বসবে।
**Ans : B.**

**13. I'll be with you in ______ .**

A. one quarter of an hour B. a quarter of an hour
C. a quarter of one hour D. a quarter of hour

ব্যাখ্যা ঃ A quarter (1/4) of an hour (60 min) = 15 min.
**Ans : B.**

**14. There is really no difference between you and _____.**

A. I B. we
C. them D. me

ব্যাখ্যা ঃ Preposition (between) এর পরে সর্বদা Objective form (me, him, her, us) বসে। আর যেহেতু between দ্বারা দুইজনের মধ্যে তুলনা বোঝায়, তাই Fill in the gaps এ me হবে।
**Ans : D.**

**15. The party was excellent, and I'd like to thank all the ______ .**

A. concerned people B. responsible people
C. people concerned D. peoples responsible

ব্যাখ্যা ঃ Concerned People - সচেতন / আতঙ্কিত জনগন
People Concerned - দায়িত্বপ্রাপ্ত / কাজের সাথে যুক্ত ব্যক্তি
এখানে দায়িত্বরত (People Concerned) ব্যক্তিদের ধন্যবাদ জানানো হয়েছে।
**Ans : C.**

**16. She reassured me that she ______ the card.**

A. had posted B. has posted
C. had been posting D. has posting

ব্যাখ্যা ঃ অতীতের দুটি কাজের মধ্যে অপেক্ষাকৃত পূর্বে সম্পাদিত কাজটি Past Perfect হয়। এবং পরের টি Past indifinite হয়।
**Ans : A.**

**17. The ______ of a camel was found lying by the side of the canal.**

A. corpse B. carcass
C. corps D. corpees

ব্যাখ্যা ঃ Corpse - A dead body usually of a person.
Carcass - The dead body of an animal.
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

***Read the following passage carefully and answer Questions 18 to 22:***

We all know that people living in different parts of the world live different lives. But do we know why they live different lives? It is because the climate all over the world is not the same. The climate is the amount of sun, rain, heat and wind which the land receives. If it is always warm and sunny, we call that a hot climate. And if it rains a lot, it would be a wet climate. It can also be a hot, wet climate or a cold, wet climate and so on. Can you imagine what it would be like if we had the same climate all over the world? All the flowers and the trees would be the same. Then the animals might be the same, and the same crops would be grown in the ground. This would mean that people would be all alike. They would look alike and they would all eat the same food.

**18. People living in different parts of the world live different lives because---**

A. different types of crops grow in different parts of the world
B. they are habituated to different kinds of food
C. the standard of living differs in different parts of the world
D. The climatic influences are different

ব্যাখ্যা ঃ Passage টিতে বলা আছে - "We know why............. the world is not the same". অর্থ্যাৎ different climatic condition এর জন্য different lives হয়।
**Ans : D.**

**19. It is because the climate all over the world is not the same that:**

A. A different people belong to different groups
B. different people have different religions
C. different people have different doctrines
D. different people live different lives

ব্যাখ্যা ঃ আগের Question এর মত।
**Ans : D.**

**20. The adjective of 'Climate' is-**

A. Climate B. Climated C. Climatic D. Climactic

ব্যাখ্যা ঃClimate - Noun
Climatic - Adj
Climatically - Adv.
**Ans : C.**

**21. The most suitable title for the passage would be:**

A. Climate and differences in people
B. Different lives in different parts of the world
C. Climate and different parts of the world
D. Climatic differences the world over

ব্যাখ্যা ঃ Passage এ climate এর ভিন্নতা এর বিষয়ে আলোচনা করা হয়েছে।
**Ans : A.**

**22. The word 'live' in line 2 is a-**

A. Noun B. Verb C. Adjective D. Adverb

ব্যাখ্যা: Why they live different lives এখানে they subject এর পরে verb হিসেবে live বসেছে।
**Ans : B.**

***Questions 23 to 25: which of the following sentence is correct?***

**23.** A. Neither of those mattresses feel comfortable
B. Neither of those mattresses are feeling comfortable
C. Neither of those mattresses feels comfortable
D. Neither of those Mattresses have felt comfortable

ব্যাখ্যা ঃ One of এর পরে verb singular হবে।
**Example :** One of the photos is missing.
Either of, Neither of, None of ; এর পরে verb এর Singular অথবা Plural হবে।
**Example :** Neither (of those cameras) works (or work) properly
Either of those alternative is (or are) a good idea.
**Ans : C.**

**24.**

A. It is More better to stay healthy than to have to get healthy
B. It is better to stay healthy than to have to get healthy
C. It is more better to stay healthy than to have health
D. It is better to stay healthy than to have health

ব্যাখ্যা ঃ More আর better উভয়ই Comperative Word, আর একই Sentence এ একই সাথে দুটি Comperative Word বসে না।
**Ans : D.**

**25.**

A. The pile of bones on the plate shows how much chicken the family had ate
B. The pile of bones on the plate shown how much chicken the family had ate
C. The pile of bones on the plate showed how much chicken the family had ate
D. The pile of bones on the plate is shown how much chicken the family had ate

ব্যাখ্যা ঃ শেষের verb টি past perfect হলে আগের verb টি past indefinite হবে। সে হিসেবে অপশন (C) ই শুদ্ধ।
**Ans : C.**

## সাধারণ জ্ঞান

### বাংলাদেশ বিষয়াবলি

**০১. কোন আমলে সোনারগাঁও বাংলাদেশের রাজধানী ছিল?**

ক. সুলতানি আমলে খ. মুঘল আমলে
ঘ. পাল আমলে ঘ. মৌর্য যুগে

ব্যাখ্যা: বিভিন্ন সময়ে বাংলার রাজধানী-

| শাসনামল | রাজধানী |
|---|---|
| সুলতানী আমল | মহাস্থানগড় |
| মৌর্য ও গুপ্ত বংশ | গৌড় |
| গৌড় বংশ/শশাঙ্ক | কর্ণসুবর্ণ |
| মোঘল আমল/ঈশাখাঁ | সোনারগাঁও |
| লক্ষণ সেন | নদীয়া বা নবদ্বীপ |
| গুপ্ত রাজবংশ | বিদিশা |

সঠিক উত্তর : খ.

**০২. কোন বাংলাদেশি বিজ্ঞানী পাটের 'জেনোম' সুত্র আবিষ্কার করেন?**

ক. ড. কামরুল আলম খ. ড. মাকসুদুল আলম
গ. ড. মোর্শেদ অলম ঘ. ড. মোজাম্মেল আলম

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলী এর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : খ.

**০৩. প্রথম কত সালে বঙ্গভঙ্গ হয়?**

ক. ১৭৫৭ খ. ১৮৫৭
গ. ১৯০৫ ঘ. ১৯৪৭

ব্যাখ্যা: • বঙ্গভঙ্গ ১৬ অক্টোবর ১৯০৫, কার্যকর হয়।
• বঙ্গভঙ্গের ফলে সৃষ্ট নতুন প্রদেশ "পূর্ববঙ্গ ও আসাম" এর রাজধানী হয় ঢাকা।
• বঙ্গভঙ্গ বদ করার সুপারিশ করেন "লর্ড হার্ডিঞ্জ"
• সম্রাট পঞ্চম জর্জের অভিষেক অনুষ্ঠানে দিল্লীর দরবারে ১৯১১ সালের ১২ ডিসেম্বর
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৪. বাংলাদেশের আদিবাসীদের মধ্যে কোনটি পিতৃতান্ত্রিক?
ক. চাকমা খ. মারমা গ. হাজং ঘ. সাঁওতাল

ব্যাখ্যা: "খাসিয়া এবং মারমা" সম্প্রদায় মাতৃতান্ত্রিক। বাকি সব সম্প্রদায় পিতৃতান্ত্রিক।
সঠিক উত্তর : নেই.

০৫. কবে বাংলাদেশ ও ভারতের মধ্যে মৈত্রীচুক্তি স্বাক্ষরিত হয়?
ক. ১৬ মার্চ ১৯৯২ খ. ৭ মার্চ, ১৯৭২
গ. ১৪ এপ্রিল ১৯৭২ ঘ. ১৭ মার্চ ১৯৭২

ব্যাখ্যা: • ভারত বাংলাদেশ মৈত্রী চুক্তি - ১৯ মার্চ ১৯৭২।
• গঙ্গা পানি বন্টন চুক্তি - ১২ ডিসেম্বর ১৯৯৬।
সঠিক উত্তর : নেই.

৬. বাংলাদেশের সর্বশেষ আদমশুমারি কোন সালে করা হয়েছিল?
ক. ১৯৯৫ খ. ১৯৯৮ গ. ২০০১ ঘ. ২০০৫

ব্যাখ্যা: • প্রতি ১০ বছর পর পর আদমশুমারী অনুষ্ঠিত হয়
• সর্বশেষ পঞ্চম আদমশুমারী অনুষ্ঠিত হয় ২০১১ সালে এবং প্রথম আদমশুমারী অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে।
• পঞ্চম আদমশুমারী অনুযায়ী বর্তমান জনসংখ্যা ঘনত্ব = ১.৩। নারী ও পুরুষের অনুপাত = ১০০ : ১০০.৩
সঠিক উত্তর : নেই.

০৭. ইপিবি (EPB) এর পূর্ণরূপ কি?
ক. এক্সপোর্ট প্রমোশন বোর্ড খ. এক্সপোর্টিং প্রমোশন বোর্ড
গ. এক্সপোর্ট প্রমোশন ব্যুরো ঘ. এক্সপোর্টিং প্রমোশন ব্যুরো

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পূর্ণরূপ-
**BAEC** - Bangladesh Atomic Energy Commission.
**BANBEIS** - Bangladesh Bureau of Educational Information and Statitics.
**BANSDOC** - Bangladesh Scientific and Technical Documentation Centre.
**BAPEX** - Bangladesh Petroleum Exploration and Production Company limited.
**BCSIR** - Bangladesh Council for Scientific and Industrial Research.
**BARD** - Bangladesh Academy for Rural Development.
**BASIC** - Bank of Small Industries and Commerce.
**BASIS** - Bangladesh Association of Software and Information Service.
**BIWTA** - Bangladesh Inland Water Transport Authority.
**BPSC** - Bangladesh Public Service Commission.
**CIRDAP** - Centre on Integreted Rural Development for Asia and Pacific.
**ECNEC** - Executive Committee of National Economical Council.
**EPB** - Export Promotion Bureau.
**EPI** - Expanded Programme on Immunization.
সঠিক উত্তর : গ.

০৮. বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি মুক্তিযোদ্ধা-
ক. ডব্লিউ এ.এস ওডারল্যান্ড খ. মার্ক টালি
গ. আঁদ্রে মারলো ঘ. এডওয়ার্ড কেনেডি

ব্যাখ্যা: বিস্তারিত: ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৫) নং দেখ।
সঠিক উত্তর : ক.

০৯. বাংলাদেশের জাতীয় সংসদের ৩০০-তম আসন কোনটি?
ক. নেত্রকোনা খ. ঝিনাইদহ গ. নীলফামারী ঘ. বান্দরবান

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১২-২০১৩) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৮) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

১০. দহগ্রাম এবং আঙ্গরপোতা ছিটমহল কোন জেলায় অবস্থিত?
ক. পঞ্চগড় খ. রংপুর
গ. লালমনিরহাট ঘ. নীলফামারী

ব্যাখ্যা:
• আঙ্গাপোতা ও দহগ্রাম ছিটমহলটি পাটগ্রাম, লালমনির হাটে অবস্থিত।
• ১৯৮৫ সালে আঙ্গরপোতা ও দহগ্রামকে দহগ্রাম ইউনিয়নে রূপান্তর করা হয়।
সঠিক উত্তর : গ.

১১. জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন-২০১০ এ 'সহস্রাব্দ উন্নয়ন লক্ষমাত্রা বা MDG বাস্তবায়নে কোন বিষয়ে বাংলাদেশ অসাধারণ সাফল্যের স্বীকৃতিস্বরূপ প্রদত্ত পুরস্কার পায়?
ক. মাতৃস্বাস্থ্য উন্নয়নের জন্য খ. শিশু মৃত্যুহার কমানোর জন্য
গ. নারী-পুরুষ সমতা বিধানের জন্য ঘ. এইচআইভি ও ম্যালেরিয়া রোগ নিয়ন্ত্রণের জন্য

ব্যাখ্যা: বর্তমান জাতিসংঘ ঘোষিত SDG সম্পর্কে ঢাবি (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৯) নং এ দেয়া আছে।
সঠিক উত্তর : খ.

১২. নভোথিয়েটারে স্থপতি কে?
ক. আবদুল্লাহ খালেদ খ. শামীম সিকদার
গ. আলী ইমাম ঘ. কামরুল হাসান

ব্যাখ্যা:

| ভাস্কর্য ও স্থাপত্য | স্থপতি |
|---|---|
| জাতীয় স্মৃতি সৌধ (সাভার) | সৈয়দ মাইনুল হোসেন |
| মুজিব নগর স্মৃতি সৌধ (মেহেরপুর) | তানভীর কবির |
| জাগ্রত চৌরঙ্গী (জয়দেবপুর) | আবদুর রাজ্জাক |
| অপারাজেয় বাংলা (ঢাবি) | আবদুল্লাহ খালেদ |
| স্বোপার্জিত স্বাধীনতা (ঢাবি) | শামীম সিকদার |
| মুক্ত বাংলা (ইবি) | রশিদ আহমদ |
| সংশপ্তক (জাবি) | হামিদুজ্জামান খান |
| শাবাস বাংলাদেশ (রাবি) | নিতুন কুন্ডু |
| চেতনা '৭১ (কুষ্টিয়া) | মোঃ মইনুল |
| প্রত্যাশা (ঢাকা) | মৃনাল হক |
| কিংবদন্তী (মিরপুর,ঢাকা) | হামিদুজ্জামান খান |
| অঙ্গীকার (চাঁদপুর) | সৈয়দ আবদুল্লাহ খালেদ |
| পাখির অনন্ত যাত্রা (ঢাকা) | হামিদুজ্জামান খান |
| জয় বাংলা (পটুয়াখালী) | হামিদুজ্জামান খান |
| কেন্দ্রীয় শহীদ মিনার | হামিদুর রহমান |
| রাজু সন্ত্রাস বিরোধী ভাস্কর্য (ঢাবি) | শ্যামল চৌধুরী |
| বুদ্ধিজীবি ও রাজারবাগ স্মৃতিসৌধ | মোস্তফা হারুন কুদ্দুস হিলি |
| মোদের গরব (বাংলা একাডেমি) | অখিল পাল |
| বঙ্গবন্ধু নভো থিয়েটার | আলী ইমাম |
| শাপলা চত্বর | আজিজুল জলিল পাশা |
| জাতীয় সংসদ | লুই আই কান |

সঠিক উত্তর : গ.

১৩. নিম্নের কোন পণ্যটি বাংলাদেশের 'হোয়াইট গোল্ড' নামে পরিচিত?
ক. পাট খ. ধান গ. চিনি ঘ. চিংড়ি

ব্যাখ্যা: • চিংড়ী গবেষনা কেন্দ্র - বাগেরহাট।
• "চিংড়ী" বাংলাদেশের হোয়াইট গোল্ড হিসেবে পরিচিত।
সঠিক উত্তর : ঘ.

১৪. মুক্তিযুদ্ধ জাদুঘরটি কোন সালে স্থাপিত হয়?
ক. ১৯৯৪ খ. ১৯৯৬ গ. ১৯৯৫ ঘ. ১৯৯৩

ব্যাখ্যা:

| প্রতিষ্ঠা | সাল জাদুঘর | স্থান |
|---|---|---|
| ১৯১৩ | জাতীয় জাদুঘর | শাহবাগ, ঢাকা |
| ১৯১০ | বরেন্দ্র জাদুঘর | রাজশাহী |
| ১৯৬৭ | জাতিতাত্ত্বিক জাদুঘর | চট্টগ্রাম |
| ১৯৭৭ | উপজাতীয় কালচারাল একাডেমী জাদুঘর | বিরিশিরি, নেত্রকোনা |
| ১৯৮১ | লোক ও কারুশিল্প জাদুঘর | সোনারগাঁও, নারায়নগঞ্জ |
| ১৯৮৭ | সামরিক জাদুঘর | বিজয় সরনি, ঢাকা |
| ১৯৯৭ | রকস মিউজিয়াম | পঞ্চগড় |
| ২০০০ | গান্ধী স্মৃতি জাদুঘর | নোয়াখালী |
| ১৯৯৬ | মুক্তিযুদ্ধ জাদুঘর | সেগুনবাগিচা, ঢাকা |
| ১৯৬৬ | পোস্টাল মিউজিয়াম | ঢাকা |
| ১৯৯৫ | পুলিশ জাদুঘর | রাজারবাগ, ঢাকা |
| ২০০৯ | চা জাদুঘর | শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ২০১৩ | টাকা জাদুঘর | মিরপুর, ঢাকা |

• বাংলাদেশের প্রথম জাদুঘর প্রতিষ্ঠিত হয় ১৯১০ সালে।
• রাজশাহীতে "বরেন্দ্র গবেষনা জাদুঘর" বাংলাদেশের প্রথম জাদুঘর।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৫. 'সিডর' এর অর্থ-
ক. ঝড় খ. চক্ষু
গ. কান ঘ. ঘূর্ণিঝড়

ব্যাখ্যা: সাম্প্রতিক বিভিন্ন জলোচ্ছ্বাস এর নাম -

| নাম | যে ভাষার শব্দ | শব্দার্থ |
|---|---|---|
| সিডর | সিংহলী | চক্ষু |
| সুনামী | জাপানী | জলোচ্ছ্বাস |
| নার্গিস | ফারসী | ফুল |
| আইলা | দিবেহী (মালদ্বীপ) | ডলফিন |

সঠিক উত্তর : খ.

১৬. বাংলাদেশে কয়টি ভূ-উপগ্রহ কেন্দ্র আছে?
ক. ৪টি খ. ২টি গ. ৫টি ঘ. ৩টি

ব্যাখ্যা: • দেশের মোট উপগ্রহ ভূ-কেন্দ্র ৪টি।
প্রথম উপগ্রহ ভূ-কেন্দ্র বেতবুনিয়া, রাঙামাটি।
• বাংলাদেশের মহাকাশ গবেষনা সংস্থা SPARSO
সঠিক উত্তর : ক.

১৭. বাংলাদেশ রাইফেলস এর পরিবর্তিত নাম -
ক. বর্ডার গার্ডস বাংলাদেশ খ. বর্ডার রাইফেলস গার্ড
গ. বর্ডার অপারেশন ফ্রন্ট ঘ. বাংলার বর্ডার গার্ড

ব্যাখ্যা: • ২৩ জানুয়ারী ২০১১ বর্ডার গার্ড বাংলাদেশ এর যাত্রা শুরু হয়।
•বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর প্রথম নাম রামগড় লোকাল ব্যাটালিয়ান।
• ২৫-২৬ ফেব্রুয়ারী ২০০৯ পিলখানায় বিডিআর বিদ্রোহ সংঘটিত হয়।
সঠিক উত্তর : ক.

১৮. কোন বাংলাদেশি আম্পায়ার আন্তর্জাতিক ক্রিকেট কমিটি কর্তৃক প্রথমবারের মতো দক্ষিণ আফ্রিকা ও জিম্বাবুইয়ের মধ্যকার ৩টি একদিনের ম্যাচে দায়িত্ব পালনের জন্য মনোনীত হয়েছেন?
ক. আতাউল হক মল্লিক খ. এনামুল হক মনি
গ. রকিবুল হাসান ঘ. তানভির মাসুম নান্না

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রথম আন্তর্জাতিক আম্পায়ার - এনামুল হক মনি।
সঠিক উত্তর : খ.

১৯. বাংলাদেশের 'জাতীয় সংগীত' বিশ্বকবি রবীন্দ্রনাথের কোন কাব্য থেকে নেয়া হয়েছে?
ক. সোনার তরী খ. চৈতালী
গ. বঙ্গমাতা ঘ. কোনটিই না

ব্যাখ্যা: • "আমার সোনার বাংলা" রবীন্দ্রনাথ ঠাকুরের স্বরবিতান এর গীতবিতানের "স্বদেশ" শীর্ষক প্রথম গীতি থেকে নেয়া হয়েছে।
• জাতীয় সংগীত হিসেবে কবিতার প্রথম ১০ লাইন গৃহীত হয়েছে।
• ১৯০৫ সালে বঙ্গভঙ্গের সময় কবিতাটি প্রথম প্রকাশিত হয়।
• "আমার সোনার বাংলা" কবিতায় মোট ২৫ টি চরণ আছে।
• জাতীয় সংগীতের ইংরেজী অনুবাদক - সৈয়দ আলী আহসান।
সঠিক উত্তর : ঘ.

২০. গম্ভীরা কোন অঞ্চলের সঙ্গীত?
ক. বগুড়া খ. সিলেট
গ. রাজশাহী ঘ. চট্টগ্রাম

সঠিক উত্তর : গ.

২১. বাংলাদেশে প্রথম শিক্ষা কমশিন কবে গঠিত হয়?
ক. ১৯৭৫ খ. ১৯৭৪ গ. ১৯৭৩ ঘ. ১৯৭২

ব্যাখ্যা: • প্রথম শিক্ষা কমিশন - ড. কুদরত-এ-খুদা শিক্ষা কমিশন ২৬ জুলাই ১৯৭২ প্রতিষ্ঠিত হয়।
• সর্বশেষ শিক্ষা কমিশন - মনিরুজ্জামান শিক্ষা কমিশন।
• সর্বশেষ জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটি (২০০৯) এর প্রধান ছিলেন অধ্যাপক কবীর চৌধুরী।
সঠিক উত্তর : ঘ.

২২. 'সার্ক' এর বর্তমান মহাসচিবের নাম কি?
ক. ফাতিমা দিয়ানা সাঈদ খ. মহিন্দ রাজা পাকসে
গ. কান্তকিশোর ভার্গাব ঘ. যাদবকান্ত সিলওয়াল

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি ঘ (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলী (০৫) নং দেখ।
সঠিক উত্তর : নেই.

২৩. ঢাকার প্রস্তাবিত এলিভেটেড এ-প্রেসওয়ের দুই প্রান্ত কি হবে?
ক. জয়দেবপুর-নারায়ণগঞ্জ খ. জয়দেবপুর-গুলিস্তান
গ. জয়দেবপুর-যাত্রাবাড়ী ঘ. জয়দেবপুর-সদরঘাট

ব্যাখ্যা: ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের এক প্রান্ত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর অপর প্রান্ত যাত্রাবাড়ীর কুতুবখালী।
• এর দৈর্ঘ্য প্রায় ২০ কিঃ মিঃ।
সঠিক উত্তর : গ.

২৪. বাংলাদেশ সর্বশেষ প্রত্নতাত্ত্বিক নিদর্শন আবিস্কৃত হয়েছে-
ক. মহাস্থান গড় খ. বান্দরবন
গ. ওয়ারি বটেশ্বর ঘ. ময়নামতি

ব্যাখ্যা: • উয়ারি - বটেশ্বর নরসিংদীর জেলায় অবস্থিত।
• প্লাইস্টোসিন যুগে উয়ারি ও বটেশ্বর গ্রাম দুটি গঠিত।
• কয়রা নদীর তীরে উয়ারি - বটেশ্বর অবস্থিত।
সঠিক উত্তর : গ.

২৫. মুক্তিযুদ্ধের উপর রচিত কবিতা 'সেপ্টেম্বর অন যশোর রোড' এর রচয়িতা কে?
ক. খলিল জিবরান খ. রবার্ট ফ্রস্ট
গ. ওয়াল্ট হোয়াইটম্যান ঘ. অ্যালেন গিনস্‌বার্গ

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি ঘ (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলির (০৫) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

## আন্তর্জাতিক বিষয়াবলি

০১. বিশ্ব জনসংখ্যা দিবস উৎযাপিত হয়-
ক. ০১ জুন খ. ১১ জুলাই
গ. ০৭ জুলাই ঘ. ১১ জুন

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (০৮) নং দেখ।
সঠিক উত্তর : খ.

০২. কে এক দিনের ক্রিকেট খেলায় বিশ্বের এক নম্বর অল-রাউন্ডার?
ক. ডানিয়েল ভেট্টোরি খ. সাকিব-আল হাসান
গ. জ্যাক ক্যালিস ঘ. শহীদ আফ্রিদি

ব্যাখ্যা: • ২০২১ সালে ১ দিনের ক্রিকেটে বিশ্বের ১ নম্বর অলরাউন্ডার সাকিব আল হাসান (বাংলাদেশ), পয়েন্ট- ৪০৮। দ্বিতীয় স্থানে আছেন- বেন স্টোকস, পয়েন্ট - ২৯৫।
সঠিক উত্তর : খ.

০৩. ইন্টারপোল এর দফতরিক নাম কি?
ক. ইন্টারন্যাশনাল পুলিশ
খ. ইন্টারন্যাশনাল পুলিশ অর্গানাইজেশন
গ. ইন্টারন্যাশনাল ক্রিমিনাল পুলিশ অর্গানাইজেশন
ঘ. ইন্টারন্যাশনাল ক্রিমিনাল পুলিশ

ব্যাখ্যা:
• Interpol - International Criminal Police Organization.
• ১৯২৩ সালে Interpol প্রতিষ্ঠিত হয়।
• Interpol এর সদর দপ্তর লিওঁ, ফ্রান্স।
• European Police Office (Europol) ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোর পুলিশ সংস্থা।
সঠিক উত্তর : গ.

০৪. NASDAQ কোন দেশের পুঁজিবাজারে সাথে সম্পর্কিত?
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য
গ. কানাডা ঘ. জার্মানী

ব্যাখ্যা: আমেরিকার দুটি বিখ্যাত পুজিবাজার (Stock exchange Market)
NASDAQ - National Association of Securities Dealers Automated Qutation.
NYSE - New York Stock Exchange.
সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**০৫. গ্রিনউইচ শব্দটি কিসের সাথে সম্পর্কিত?**
ক. সময় খ. দূরত্ব গ. ওজন ঘ. দৈর্ঘ্য

ব্যাখ্যা: • গ্রিনিচ মান মন্দির দ্বারা সময় নিরূপন করা হয়।
• গ্রিনিচ মান মন্দির লন্ডনে অবস্থিত।
• মূল মধ্যরেখা এ স্থানের উপর দিয়ে গেছে।
• বাংলাদেশের সাথে গ্রীনিচ মান মন্দিরের সময় ব্যবধান ৬ ঘন্টা।
সঠিক উত্তর : ক.

**০৬. 'Earth Summit' কোথায় অনুষ্ঠিত হয়েছিল?**
ক. কোপেনহেগেন খ. বেইজিং
গ. রিও ডি জেনিরো ঘ. জোহানেসবার্গ

ব্যাখ্যা: পরিবেশ বিষয়ক বিভিন্ন সম্মেলন -
**ভিয়েনা কনভেনশন** - বিষয় ঃ ওজোনস্তর সুরক্ষা ১৯৮৫, ভিয়েনা, অস্ট্রিয়া।
**আর্থ সামিট** - বিষয় ঃ জীববৈচিত্র সংরক্ষন, ১৯৯২, রিও ডি জেনেরিও ব্রাজিল
**মন্ট্রিল প্রটোকল** - বিষয় ঃ ওজোনস্তরকে রক্ষা বিষয়ক প্রটোকল, ১৯৮৭, মন্ট্রিল, কানাডা।
**বাসেল কনভেনশন** - বিষয় ঃ বিপজ্জনক বর্জ্য নিয়ন্ত্রণ সংক্রান্ত, ১৯৮৯, রাসেল, সুইজারল্যান্ড।
**কিয়োটো প্রটোকল** - বিষয় ঃ ভূমন্ডলের তাপবৃদ্ধি ও আবহমন্ডলের পরিবর্তনের রোধ সংক্রান্ত, ১৯৯৭ কিয়োটো, জাপান।
**কার্টাগেনা প্রটোকল** - বিষয় ঃ জৈব নিরাপত্তা বিষয়ক, ২০০০, মন্ট্রিল, কানাডা।
**অসলো প্রটোকল** - বিষয় ঃ বিশ্বব্যাপী গুচ্ছবোমা ব্যবহার নিষিদ্ধ, ২০০৮, কানাডা।
সঠিক উত্তর : গ.

**০৭. নিম্নে উল্লেখিত কোন হ্রদটি তানজানিয়া ও উগান্ডার মধ্যে আন্তর্জাতিক সীমানা হিসেবে বিবেচিত?**
ক. চাদ খ. মালাওয়ি
গ. ভিক্টোরিয়া ঘ. জামবেজি

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু হ্রদ-

| নাম | অবস্থান |
|---|---|
| কাস্পিয়ান সাগর (বৃহত্তম) | রাশিয়া, আজারবাইজান, কাজাখস্তান, ইরান ইত্যাদি। |
| সুপিরিয়র | যুক্তরাষ্ট্র, কানাডা |
| ভিক্টোরিয়া | তাঞ্জানিয়া, উগান্ডা |
| বৈকাল হ্রদ (গভীরতম) | রাশিয়া |

সঠিক উত্তর : গ.

**০৮. ব্রিটেনের অর্থ মন্ত্রীকে বলা হয়-**
ক. ট্রেজারি সেক্রেটারি খ. ফিন্যান্স মিনিস্টার
গ. ট্রেজারার ঘ. চ্যান্সেলর অব দ্যা এক্সচেকার

ব্যাখ্যা: • যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর উপাধি - চ্যান্সেলর অব দ্যা এক্সচেকার।
• যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রীর উপাধি - সেক্রেটারি অব স্টেট ফরেন অ্যান্ড কমেনওয়েলথ অ্যাফেয়ার্স।
সঠিক উত্তর : ঘ.

**০৯. নিচের কোন রাষ্ট্র সর্বাধিক রাষ্ট্রের সাথে সীমানাযুক্ত?**
ক. ভারত খ. চীন
গ. মায়ানমার ঘ. বাংলাদেশ

ব্যাখ্যা: চীনের সাথে ১৪টি দেশের সীমান্ত আছে। উল্লেখ্য রাশিয়ার সাথেও ১৪টি দেশের সীমান্ত সংযোগ আছে।
সঠিক উত্তর : খ.

**১০. ১৯৮৭ সালে স্বাক্ষরিত মন্ট্রিল প্রটোকলের বিষয়বস্তু ছিল?**
ক. পরমাণু খ. পরিবেশ
গ. বাণিজ্য ঘ. নিরস্ত্রীকরণ

ব্যাখ্যা: বিস্তারিত উপরের ৬নং প্রশ্নের ব্যাখ্যা দেখ।
সঠিক উত্তর : খ.

**১১. BRIC বলতেই নিম্নলিখিত রাষ্ট্রসমূহ বোঝায়-**
ক. ব্রাজিল, রাশিয়া, ইরান, চীন
খ. বাংলাদেশ, রাশিয়া, ভারত, চীন
গ. ব্রাজিল, রাশিয়া ইসরাইল, চীন
ঘ. ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন

ব্যাখ্যা: BRIC এর বর্তমান নাম - BRICS
BRICS - Brazil, Russia, India, China, South Africa.
সঠিক উত্তর : ঘ.

**১২. পৃথিবীর দীর্ঘতম রেলপথের নাম কি?**
ক. ওরিয়েন্টাল এক্সপ্রেস খ. ট্রান্স-কানাডিয়ান রেলওয়ে
গ. ট্রান্স-সাইবেরিয়ান রেলওয়ে ঘ. ইউরো এক্সপ্রেস

ব্যাখ্যা: • বিশ্বের বৃহত্তম রেলপথ - ট্রান্স সাইবেরিয়ান রেল
• বিশ্বের দীর্ঘতম সুড়ঙ্গ - গোথার্ড বেস টানেল
• বিশ্বের দীর্ঘতম সেতু - ওয়েহি গ্রান্ড সেতু (চীন)
• বিশ্বের বৃহত্তম রেলসেতু - সানফ্রান্সিসকো (যুক্তরাষ্ট্র)
সঠিক উত্তর : গ.

**১৩. কোন সংগঠন সুন্দরবনকে 'ওয়ার্ল্ড হ্যারিটেজ সাইট' হিসেবে ঘোষণা করেছে?**
ক. ইউনেসকো খ. ইউনিসেফ গ. ইউএনডিপি ঘ. ইউএনএইচসিআর

ব্যাখ্যা: ইউনেস্কো ঘোষিত বিশ্ব ঐতিহ্য (World Heritage Site) বাংলাদেশে ৩টি -
• ষাট গম্বুজ মসজিদ, ১৯৮৫ সাল (৩২১ তম)
• পাহাড়পুর বৌদ্ধ বিহার, ১৯৮৫ সাল (৩২২ তম)
• সুন্দরবন, ১৯৯৭ (৭৯৮ তম)
সঠিক উত্তর : ক.

**১৪. কোন দেশ এশিয়া এবং ইউরোপ উভয় মহাদেশে অবস্থিত?**
ক. আজারবাইজান খ. ইরান গ. সৌদি আরব ঘ. তুরস্ক

ব্যাখ্যা: • দুই মহাদেশের মধ্যে অবস্থিত দেশ - তুরস্ক ও রাশিয়া
• দুটি মহাদেশের মধ্যে অবস্থিত নগরী - ইস্তাম্বুল।
সঠিক উত্তর : ঘ.

**১৫. পৃথিবীর সর্বাধিক রপ্তানিকারক দেশ কোনটি?**
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. জাপান ঘ. চীন ঘ. জার্মানি

ব্যাখ্যা: • বিশ্বের সবচাইতে বড় আমদানীকারক দেশ - যুক্তরাষ্ট্র
• বিশ্বের সবচাইতে বড় রপ্তানীকারক দেশ - চীন
সঠিক উত্তর : গ.

**১৬. কোনটি ভূবেষ্টিত সাগর?**
ক. মর্মর সাগর খ. কৃষ্ণ সগার
গ. ক্যাস্পিয়ান সাগর ঘ. ভূমধ্য সাগর

ব্যাখ্যা: কাস্পিয়ান সাগর কে সাগর বলা হলেও এটি মূলত একটি হ্রদ। বিশ্বের সর্ববৃহৎ হ্রদ কাস্পিয়ান সাগর। আজারবাইজান, ইরান, রাশিয়া, তুর্কেমিস্তান বেষ্টিত হ্রদটি মোট আয়তন - ৩,৭২,০০০ বর্গ কিঃ মিঃ।
সঠিক উত্তর : গ.

**১৭. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল-এর সদর দপ্তর কোথায়?**
ক. বার্লিন খ. প্যারিস গ. লন্ডন ঘ. ওয়াশিংটন ডি.সি

ব্যাখ্যা: বিভিন্ন সংস্থার সদর দপ্তর-
নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র : UN, UNICEF, UNDP, জাতিসংঘ জনসংখ্যা তহবিল, (UNFPA), জাতিসংঘ নারী উন্নয়ন তহবিল (UNIFEM), অরবিস।
ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র : বিশ্বব্যাংক, IBRD, IDA, মিগা (MIGA), IMF.
জেনেভা, সুইজারল্যান্ড : ILO, আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন (ITU), WHO, WTO, জাতিসংঘ শরনার্থী বিষয়ক হাইকমিশন (UNHCR), আঙ্কটাড (UNCTD), ইন্টারন্যাশনাল রেডক্রস কমিটি (ICRC), আইএসও (ISO)
ভিয়েনা, অস্ট্রিয়া : সিটিবিটিও (CTBTO), আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থা (IAEA), OPEC.
রোম, ইতালি : খাদ্য ও কৃষি সংস্থা (FAO), বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP).
দি হেগ নেদারল্যান্ডস : আন্তরর্জাতিক বিচার আদালত (ICJ), আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC), ইউরোপোল, রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংস্থা (OPCW).
প্যারিস, ফ্রান্স : UNESCO, ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স (ICC)
লন্ডন, যুক্তরাজ্য : আন্তর্জাতিক সমুদ্র চলাচল সংস্থা (IMO), কমনওয়েলথ, অক্সফাম অ্যামিনেস্টি ইন্টারন্যাশনাল।
বার্লিন-জার্মানি : ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (TI)
ব্রাসেলস, বেলজিয়াম : ইউরোপীয় ইউনিয়ন, NATO, BENELUX
জেদ্দা সৌদি আরব : OIC, ইসলামিক উন্নয়ন ব্যাংক (IDB)
আদ্দিস আবাবা, ইথিওপিয়া: আফ্রিকান ইউনিয়ন (AU)
ফিলিপাইন ম্যানিলা : ADB (ASIAN DEVELOPMENT BANK) এবং IRRI
সিঙ্গাপুর : APEC,
সদর দপ্তর নেই : NAM, G-8, G-77
সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৮. জাতিসংঘ কবে প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯১৯ খ. ১৯২০ গ. ১৯৪৫ ঘ. ১৯২৫

ব্যাখ্যা: জাতিসংঘ গঠনের প্রক্রিয়া-
•আটলান্টিক সনদ - ১৯৪১ সালের ১৪ আগস্ট যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রুজভেল্ট ও যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী চার্চিল বিশ্বশান্তির জন্য একটি পরিকল্পনা ঘোষনা করেন। এই পরিকল্পনা আটলান্টিক সনদ নামে খ্যাত।
•মস্কো সম্মেলন - ১৯৪৩ সালের অক্টোবরে চীন, সোভিয়েত ইউনিয়ন, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিগন মস্কোতে মিলিত হন এবং বিশ্বব্যাপী একটি সংগঠন গঠনের ব্যাপারে ঐক্যমতে পৌছান। এটি মস্কো ঘোষনা নামে পরিচিত।
•তেহরান সম্মেলন - ১৯৪৩ সালে রুজভেল্ট, চার্চিল, স্ট্যালিন মিলে ১ ডিসেম্বর ১৯৪৩ এ একটি আন্তজার্তিক সংগঠন গঠনের জন্য বিশ্বব্যাপী আহ্বান করেন।
•সানফ্রান্সিসকো সম্মেলন - ৫০ টি দেশের প্রতিনিধি গন ১৯৪৫ সালের ২৫ এপ্রিল থেকে ২৬ জুন সানফ্রান্সিসকো সম্মেলনে যোগদান করেন। ২৬ জুন খসড়া জাতিসংঘ সনদ অনুমোদন দেয়।
•১৯৪৫ সালের ২৪ অক্টোবর নিরাপত্তা পরিষদের পাঁচ সহ বাকি সদস্য সমূহ জাতিসংঘ সনদ অনুমোদন করে। এর মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠা লাভ করে।
•২৪ অক্টোবর জাতিসংঘ দিবস হিসেবে পালিত হয়।
•জাতিসংঘের ২৯ তম অধিবেশনে ১৯৭৪ সালে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে।
সঠিক উত্তর : গ.

১৯. 'সুনামি' শব্দটি কোন ভাষা থেকে নেয়া?
ক. বাংলা খ. জাপানি গ. ইন্দোনেশীয় ঘ. চাইনিজ

ব্যাখ্যা: বিস্তারিত: উপরের বাংলাদেশ বিষয়াবলীর (১৫) নং দেখ।
সঠিক উত্তর : খ.

২০. "মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস্" অর্জনের সময়সীমা-
ক. ২০১৪ খ. ২০২০ গ. ২০১৬ ঘ. ২০১৫

ব্যাখ্যা: বিস্তারিত: ঘ (২০১১-২০১২) এর আন্তজার্তিক বিষয়াবলীর (১০) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

২১. কোন দেশের সাথে আর্কটিকের বৃহত্তম সীমান্ত?
ক. আমেরিকা খ. নরওয়ে গ. কানাডা ঘ. রাশিয়া

ব্যাখ্যা: আর্কটিক বা সুমেরু অঞ্চল হল পৃথিবীর সর্ব উত্তরের বরফ আচ্ছাদিত অঞ্চল, আর্কটিক বা সুমেরু অঞ্চলের সর্ববৃহৎ সীমান্ত রাশিয়ার সাথে অবস্থিত। রাশিয়ার আলাস্কা, সাইবেরিয়া সহ আরো কয়েকটি অঞ্চল আর্কটিক অঞ্চলের মধ্যে পড়ে।
সঠিক উত্তর : ঘ.

২২. 'Long Walk to Freedoom' - কার আত্মজীবনী?
ক. ভি.আই লেনিন খ. মাও সেতুং গ. জওহরলাল নেহেরু ঘ. নেলসন ম্যান্ডেলা

ব্যাখ্যা: নেলসন মেন্ডেলা রচিত বিখ্যাত গ্রন্থ -
• Long Walk to Freedom, Conversation With Myself, No Easy Walk to Freedom, The Struggle is My life.
সঠিক উত্তর : ঘ.

২৩. Nato (ন্যাটো) কোন ধরনের জোট?
ক. রাজনৈতিক খ. সামাজিক গ. পরিবেশ ঘ. সামরিক

ব্যাখ্যা: • NATO - North Atlantic Treaty Organization
• ৪ এপ্রিল ১৯৪৯ ন্যাটো প্রতিষ্ঠিত হয়।
• সদর দপ্তর - ব্রাসেলস, বেলজিয়াম
• ন্যাটোর বর্তমান সদস্য - ২৮ টি
• মুসলিম সদস্য দেশ ২টি - আলবেনিয়া ও তুরস্ক।
সঠিক উত্তর : ঘ.

২৪. কোন দেশ বাংলা ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?
ক. ভারত খ. নেপাল গ. জাপান ঘ. সিয়েরা লিওন

সঠিক উত্তর : ঘ.

২৫. কোন সনে এ্যামনেস্টি ইন্টারন্যাশনাল প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯৬১ (লন্ডনে) খ. ১৯৬২ (ওয়াশিংটনে)
গ. ১৯৬৩ (প্যারিসে) ঘ. ১৯৬৪ (টোকিওতে)

ব্যাখ্যা: • Transparency International :
প্রতিষ্ঠা - ১৯৯৩; সদর দপ্তর - বার্লিন, জার্মানী
• অ্যামিনেষ্টি ইন্টারন্যাশনাল :-
প্রতিষ্ঠা - ২৮ মে ১৯৬১; সদর দপ্তর - লন্ডন, যুক্তরাজ্য
• হিউম্যান রাইটস ওয়াচ
প্রতিষ্ঠা - ১৯৭৮ সালে, সদর দপ্তর - যুক্তরাষ্ট্র
সঠিক উত্তর : ক.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)

শিক্ষাবর্ষ ঃ ২০০৯-২০১০

### বাংলা

০১. 'আমার পূর্ব বাংলা' কবিতায় উল্লিখিত কদম গাছের ফুল ও পাতার সংখ্যা
ক. দুটি ও তিনটি খ. দুটি ও অনেক
গ. একটি ও তিনটি ঘ. তিনটি ও অনেক

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

০২. 'বিনির্মাণ' শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে প্রযুক্ত হয়েছে?
ক. ইতিবাচক খ. নেতিবাচক গ. সংকোচন ঘ. প্রসারণ

সঠিক উত্তর : ঘ.

০৩. "Why do you fight sight of me" বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ-
ক. কেন তুমি আমাকে এড়িয়ে চলছ?
খ. কেন তুমি আমার সঙ্গে ঝগড়া করছ?
গ. কেন তুমি আমাকে আঘাত করছ?
ঘ. কেন তুমি আমাকে ফাঁকি দিচ্ছ?

ব্যাখ্যা: Fight shy of-এড়িয়ে চলা
**কিছু গুরুত্বপূর্ণ Proverbs-**
উলু বনে মুক্তা ছড়ানো- Cast Pearls before swine
এক মাঘে শীত যায় না - One swallow does not make a Summer.
কই মাছের প্রাণ - A cat has nine lives
কারও পৌষ মাস, কারও সর্বনাশ - Nero fiddles while Rome burns
ক্ষুধা পেলে বাঘও ধান খায় - Hunger is the best sauce
সঠিক উত্তর : ক.

০৪. নিচের কোন শব্দে কোনো ছাড়াই মূর্ধন্য-ষ বসেছে?
ক. কৃষ্ণ খ. কল্যাণীয়েষু
গ. ভাষ্য ঘ. অভিষেক

ব্যাখ্যা: তৎসম শব্দের বানানে "ষ" এর সঠিক ব্যবহারের নিয়মই হল ষত্ব বিধান।
ষ ব্যবহারের নিয়ম:-
•ই কারান্ত যেমন: অধি, অনু, অভি, পরি, সু ইত্যাদি এবং উ কারান্ত যেমন- অনু, সু ইত্যাদি উপসর্গের পর "ষ" হয় যেমন- অভিষেক, অনুষঙ্গ, প্রতিষেধক, প্রতিষ্ঠান, পরিষদ, সুষম।
•ঋ, র, ষ এর পরে "ষ" হয় যথা- ঋষি, কৃষক, তৃষ্ণা, বৃষ্টি, বর্ষা, দৃষ্টি, হর্ষ, মুমূর্ষু, ঈর্ষা ইত্যাদি।
•ট, ঠ এর পরে "ষ" হয় যথা:- কষ্ট, স্পষ্ট, ইষ্ট।
•স্বভাবতই "ষ" হয়- কোষ, অভিলাষ, ভাষা, ঔষধ, মানুষ, ষোড়শ, শোষন, ষড়যন্ত্র, ভূষন, ঊষা, আষাঢ়, ইষৎ, ভাষ্য ইত্যাদি।
•খাঁটি বাংলা ও বিদেশী শব্দে মূর্ধণ্য 'ষ' হয় না। যেমন - মিসর, জিনিস, মাস্টার। সংস্কৃত 'সাৎ' প্রত্যয়ে মূর্ধাণ্য 'ষ' হয় না। যেমন - ধূলিসাৎ, ভূমিসাৎ।
সঠিক উত্তর : গ.

০৫. 'চৌঠা' কোন বাচক শব্দ?
ক. অঙ্কবাচক খ. গণনাবাচক
গ. তারিখ বাচক ঘ. পূরণবাচক

ব্যাখ্যা:

| অঙ্ক বা সংখ্যা বাচক | গণনাবাচক | পূরণ/ক্রম বাচক | তারিখ |
|---|---|---|---|
| ১ | এক | প্রথম | পহেলা |
| ২ | দুই | দ্বিতীয় | দোসরা |
| ৩ | তিন | তৃতীয় | তেসরা |
| ৪ | চার | চতুর্থ | চৌঠা |

সঠিক উত্তর : গ.

০৬. 'যে বিষয়ে কোনো বিতর্ক নেই' কথাটিকে এক কথায় প্রকাশ করলে হবে-
ক. সর্বসম্মত খ. বিতার্কিক গ. ঐকমত্য ঘ. অবিসংবাদী

সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার